গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৪.০০০০.০০৭.০১.০০১.২৬. ৬৬ তারিখঃ ২৭ বৈশাখ ১৪৩৩ / ১০ মে ২০২৬

**বিষয়ঃ কারাগারের অভ্যন্তরে কুকুর ও বিড়ালের জন্য জলাতঙ্ক (Rabies) প্রতিরোধী টিকা প্রাপ্তি ও প্রয়োগ নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকল কেন্দ্রীয়/জেলা কারাগারের সিনিয়র জেল সুপার/জেল সুপারদের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কারাগারের অভ্যন্তরে অবস্থানরত কুকুর ও বিড়ালের মাধ্যমে জলাতঙ্ক সংক্রমণের সম্ভাবনা বিদ্যমান। বন্দী, কারা কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে উক্ত ঝুঁকি হ্রাস করা অত্যন্ত জরুরি। উল্লেখ্য যে, বর্তমানে মানবদেহের জন্য Anti Rabies Vaccine এর সারা দেশব্যাপী সংকট রয়েছে।

এমতাবস্থায় নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

১। নিকটস্থ জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিটি কর্পোরেশন/পৌরসভা, অথবা উপজেলা প্রাণিসম্পদ অফিস-এর সাথে জরুরি ভিত্তিতে যোগাযোগ স্থাপন করতে হবে এবং কারাগারে কুকুর ও বিড়ালের অ্যান্টি-রেবিস (Anti-Rabies) ভ্যাকসিন সরবরাহ ও টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানাতে হবে।

২। প্রয়োজনবোধে স্থানীয় প্রশাসন (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা) এর সহায়তা গ্রহণ করে সমন্বিত টিকাদান কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

৩। টিকাদান কার্যক্রম পরিচালনার সময় কারা কর্তৃপক্ষের পক্ষ থেকে প্রয়োজনীয় নিরাপত্তা ও সহায়তা প্রদান করতে হবে এবং প্রাণিসম্পদ বিভাগের কারিগরি নির্দেশনা অনুসরণ করতে হবে।

৪। ভবিষ্যতে নিয়মিত বিরতিতে (প্রতি বছর বা প্রাণিসম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী) টিকাদান কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। কারাগারে অবস্থানরত প্রাণীর কামড়ের ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে আক্রান্ত ব্যক্তিকে চিকিৎসা প্রদান নিশ্চিত করতে হবে।

৬। আপনার কারাগারে স্থিত Anti Rabies Vaccine এর পরিমান আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণ করতে নির্দেশ প্রদান করা হলো।

১০/৫/২৬

মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq1@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
সিনিয়র জেল সুপার/জেল সুপার,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। জেল সুপার, প্রিজন্স হসপিটালাইজড ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট/আইসিটি সেল (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা। (সকল) মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৬। দপ্তর কপি।